

আমার ধর্মীয় বিশ্বাস কি মরণোত্তর মস্তিষ্ক প্রদানে বাঁধা দেয় ?

অধিকাংশ ধর্মেই গবেষণার জন্য
মরণোত্তর মস্তিষ্ক দান করা নিয়ে
কোনো আপত্তি নেই। মস্তিষ্ক দান
করবার পরেও একজন মানুষের
সসম্মানে অন্ত্যেষ্টিক্রিয়া পালন করায়
কোনো সমস্যা হয় না। আপনার
ধর্মীয় বিশ্বাস অনুযায়ী মরণোত্তর
মস্তিষ্ক দান সম্বন্ধে আরো তথ্যের জন্য
এই ওয়েবসাইটটি দেখুন :

[https://organdonor.gov/
about/donors/religion.html](https://organdonor.gov/about/donors/religion.html)



প্রশ্ন থাকলে আমাদের
যোগাযোগ করুন



আরো বিশদে কিভাবে জানতে পারি ?


DSBC-র ডাউন সিনড্রোম
ব্রেইন ডোনেশন (মরণোত্তর
মস্তিষ্ক প্রদান) কর্মসূচি
সম্বন্ধে জানবার জন্যে
আপনার স্থানীয়
চিকিৎসাকেন্দ্র এবং
হাসপাতালে যোগাযোগ
করতে পারেন



DOWN
SYNDROME
BIOBANK CONSORTIUM

মরণোত্তর মস্তিষ্ক দান সম্পর্কে তথ্য ডাউন সিনড্রোম যুক্ত মানুষ এবং তাদের পরিবারের জন্য

ডাউন সিনড্রোম বায়োব্যাংক
কনসোর্টিয়ামের পক্ষ থেকে



UC Irvine
University of Kentucky
Barrow Neurological Institute
Barcelona Sant Pau Hospital
University of Colorado
New York University
Cambridge University
Karolinska Institutet
Medical University of South Carolina

ডিমেনশিয়া কি ?

ডিমেনশিয়া একটি মস্তিষ্কে-জনিত সমস্যা যার ফলে স্মৃতিশক্তি দুর্বল হয়ে যায়। এই সমস্যাটি কে ভালো করে বোঝার জন্য এবং উন্নততর চিকিৎসা পদ্ধতি আবিষ্কার করবার জন্যে মস্তিষ্কের গবেষণা খুব জরুরি। একজন ডাউন সিনড্রোম যুক্ত মানুষের মস্তিষ্কের মধ্যে কি ঘটছে সেটির গবেষণার জন্যে মরণোত্তর মস্তিষ্ক প্রদান করা দরকার এবং এই গবেষণার মাধ্যমে ডাউন সিনড্রোম যুক্ত মানুষদের কে আসার আলো দেখানো সম্ভব।



মস্তিষ্কের টিস্যু কেন প্রয়োজন ?

মানুষের মস্তিষ্ক খুবই জটিল এবং তা জীবিত মানুষের মধ্যে অধ্যয়ন করা অসম্ভব।

কি কি কারণের প্রভাবে মস্তিষ্কে সমস্যা হতে পারে তা বোঝার জন্যে গবেষণা প্রয়োজন। উন্নততর চিকিৎসা পদ্ধতি প্রণয়ন করবার জন্যে এই গবেষণাই প্রথম পদক্ষেপ।



মরণোত্তর মস্তিষ্ক প্রদান কিভাবে হয় ?

মৃত্যুর পর যত তাড়াতাড়ি সম্ভব, একজন বিশেষজ্ঞের দ্বারা মস্তিষ্কের টিস্যুর পরীক্ষা করা হয়। এর ফলে মৃত ব্যক্তির চুল বা মুখে কোনো পরিবর্তন হয়না।



কারা মরণোত্তর মস্তিষ্ক দান করতে পারেন ?

ডিমেনশিয়া সংক্রান্ত গবেষণার জন্যে সর্বকম মানুষেরই মস্তিষ্ক টিস্যুর প্রয়োজন, এমনকি যাদের কোনো অসুস্থতা নেই। অতএব, ১৮ বছরের উর্ধ্ব বয়স্ক যে কেউ মরণোত্তর মস্তিষ্ক প্রদান করবার জন্যে নাম নথিভুক্ত করতে পারে। যদি কেউ নিজে নথিভুক্ত করতে না পারেন, তাহলে তার নিকটতম আত্মীয় তার হয়ে সম্মতি দিতে পারেন।



ডাউন সিনড্রোম বায়োব্যাংক কনসোর্টিয়াম কি ?

এই কনসোর্টিয়াম-এ ১২টি ডাউন সিনড্রোম বিষয়ক বিজ্ঞানীসমষ্টির দ্বারা গঠিত। আমরা একসাথে কাজ করবার মাধ্যমে ট্রাইসোমি ২১ সম্বন্ধীয় রহস্যগুলো উদ্ঘাটন করতে পারি এবং ডাউন সিনড্রোমযুক্ত ব্যক্তিদের জীবনযাপনকে উন্নত করে তুলতে পারি।